প্রথম আলো

**নিজস্ব প্রতিবেদক**
**ঢাকা**
**প্রকাশ: ২২ জুন ২০২৫, ১৭: ৩৬**

# উত্তরা ইউনিভার্সিটিতে রোবো টেক অলিম্পিয়াড অনুষ্ঠিত




উত্তরা ইউনিভার্সিটিতে আয়োজিত রোবো টেক অলিম্পিয়াডে অতিথি ও আয়োজকেরা । ছবি : উত্তরা ইউনিভার্সিটির সৌজন্যে

দেশ–বিদেশের প্রযুক্তিপ্রেমী তরুণদের অংশগ্রহণে উত্তরা ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হলো দুই দিনের ‘পঞ্চম আন্তর্জাতিক রোবো টেক অলিম্পিয়াড ২০২৫’। ইউনিভার্সিটির স্কুল অব সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং

এবং রোবো টেক ভ্যালির যৌথ উদ্যোগে আয়োজিত দুই দিনব্যাপী এই প্রতিযোগিতা শুরু হয় গত শুক্রবার। এতে প্রযুক্তিগত উদ্ভাবন, সৃজনশীলতা এবং কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার তুলে ধরা হয়।

এই প্রতিযোগিতায় ৭০টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে আসা ১৫০টি দল অংশ নেয়। অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে ছিল বিভিন্ন বিশ্ববিদ্যালয়, কলেজ ও স্কুল। প্রতিযোগিতায় মোট ১২টি ক্যাটাগরি রাখা হয়, যার মধ্যে উল্লেখযোগ্য ছিল রোবো সকার, লাইন ফলোয়িং রোবট, রোব ওয়ারস, প্রকল্প প্রদর্শনী, আইডিয়া কম্পিটিশন, সুমো রেস, কুইজ প্রতিযোগিতা, ড্রোন রেসিং, প্রজেক্ট শোকেজ এবং ইন্টার ইউনিভার্সিটি প্রোগ্রামিং কনটেস্ট। প্রতিযোগিতায় বিজয়ীদের ছয় লাখ টাকা পুরস্কার দেওয়া হয়। অলিম্পিয়াডে অংশ নেওয়া শিক্ষার্থীদের মধ্যে সেরা ৪০ জনকে পুরস্কৃত করা হয়।

ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক গৌর গোবিন্দ গোস্বামী বলেন, ‘পঞ্চম আন্তর্জাতিক রোবো টেক অলিম্পিয়াড ২০২৫ তরুণদের মধ্যে প্রযুক্তিনির্ভর দক্ষতা, সৃজনশীল চিন্তাধারা এবং বাস্তবভিত্তিক সমস্যা সমাধানে বিশেষ ভূমিকা পালন করবে।’

উত্তরা ইউনিভার্সিটির পক্ষে উপস্থিত ছিলেন ট্রেজারার, ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তারা।

অলিম্পিয়াডে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূর্বাণী গ্রুপের চেয়ারম্যান ও ঢাকা ব্যাংক পিএলসির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান আবদুল হাই সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কম্পিউটার বিজ্ঞানী, শিক্ষক, কলামিস্ট ও লেখক মোহাম্মদ কায়কোবাদ ও পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. শহিদুল ইসলাম। আইইইই কম্পিউটার সোসাইটি বাংলাদেশ চ্যাপ্টারের পক্ষে উপস্থিত ছিলেন অধ্যাপক মো. ওবায়েদুর রহমান ও এ কে এম আজহারুল হাসান।